গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

ঢাকা, মঙ্গলবার ২৪ ফেব্রুয়ারি ২০১৫, ১২ ফাল্গুন ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ঢাকার দুই সিটি কর্পোরেশন নির্বাচন আয়োজনের প্রস্তাবে প্রধানমন্ত্রীর অনুমোদন
২। মান্না-খোকার বিরুদ্ধে বিভিন্ন থানায় ৩০ অভিযোগ : টেলি কথোপকথন
৩। সরকারি কর্মকর্তাদের দায়বদ্ধতা নিশ্চিত করতে চুক্তি
৪। দেশের শিল্পবর্জ্য ব্যবস্থাপনায় সহায়তা দেবে জার্মানি
৫। সুন্দরবনে সীমানা পিলার লাগানো হচ্ছে : পরিবেশ ও বনমন্ত্রী
৬। মানবিক সূচকে বাংলাদেশের উন্নতি অনেক : অমর্ত্য সেন
৭। রাজধানীর কাজীপাড়ায় নিহত তিন তরুণের দেহে ৫৪টি গুলি : পুলিশের দাবি গণপিটুনি
৮। রাজধানীর অবকাঠামো উন্নয়নে ২৭৯ কোটি টাকা দিচ্ছে কুয়েত ফান্ড
৯। ঝুঁকিপূর্ণ পয়েন্টে নাশকতা প্রতিরোধে সরকারের ১২ পদক্ষেপ
১০। প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত কৃষকদের ঋণ আদায় স্থগিত করে নতুন ঋণ প্রদানের নির্দেশ
১১। চলতি অর্থবছরে বৈদেশিক অর্থছাড়ের পরিমাণ ও প্রতিশ্রুতি দুটোই বেড়েছে
১২। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল বার্ন ইউনিটে এখনও মৃত্যু যন্ত্রণালয় কাতরাচ্ছে ৪৬ জন

চলমান পাতা/২

১। ঢাকার দুই সিটি কর্পোরেশন নির্বাচন আয়োজনের প্রস্তাবে প্রধানমন্ত্রীর অনুমোদন

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের নির্বাচন আয়োজনের প্রস্তাবে অনুমোদন দিয়েছেন। গতকাল ২৩ ফেব্রুয়ারি সোমবার সচিবালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠক শেষে স্থানীয় সরকার মন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম এ দুটি সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত প্রস্তাবের ফাইল প্রধানমন্ত্রীর কাছে উপস্থাপন করেন। প্রধানমন্ত্রী ফাইলে স্বাক্ষর করে যত দ্রুত সম্ভব নির্বাচন অনুষ্ঠানের নির্দেশ দেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.২), প্রথম আলো (পৃ.১,ক.১), সমকাল (পৃ.১,ক.৩), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১), ডেইলি সান (পৃ.১,ক.১)। সংবাদ, ইন্ডিপেনডেন্ট এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। মান্না-খোকার বিরুদ্ধে বিভিন্ন থানায় ৩০ অভিযোগ : টেলি কথোপকথন

রাজধানীর বিভিন্ন থানায় নাগরিক ঐক্যের আহ্বায়ক মাহমুদুর রহমান মান্না ও বিএনপির ভাইস চেয়ারম্যান সাদেক হোসেন খোকার বিরুদ্ধে গতকাল ২৩ ফেব্রুয়ারি সোমবার সন্ধ্যা পর্যন্ত ৩০টি অভিযোগ দায়ের করা হয়েছে। গতকাল ২৩ ফেব্রুয়ারি সোমবার বিভিন্ন মিডিয়ায় প্রকাশিত সরকার হটাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে লাশ ফেলতে হবে' এবং 'জেনারেলদের সঙ্গে বৈঠকে মান্না আগ্রহী শীর্ষক সংবাদের প্রেক্ষিতে পুলিশ বাদি হয়ে প্রতিটি থানায় দুটি করে জিডি করে। তাদের বিরুদ্ধে সরকার উৎখাতের ষড়যন্ত্র, নাশকতা, যানবাহনে পেট্রোলবোমা হামলা করে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে নেওয়া, রাষ্ট্রকে নিরাপত্তা ঝুঁকির মধ্যে ফেলে অস্থিরতা সৃষ্টিসহ রাষ্ট্রদ্রোহিতার অভিযোগ আনা হয়। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.২), সমকাল (পৃ.১,ক.৩), ডেইলি সান (পৃ.১,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১)। জনকণ্ঠ, যুগান্তর, ভোরের কাগজ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। সরকারি কর্মকর্তাদের দায়বদ্ধতা নিশ্চিত করতে চুক্তি

সরকারি কর্মকর্তাদের বার্ষিক কর্মমূল্যায়ন ও তাদের দায়িত্বের প্রতি দায়বদ্ধতা নিশ্চিত করার লক্ষ্যে ১০টি মন্ত্রণালয় ও বিভাগের বার্ষিক কর্মসংস্থান চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তির আওতায় প্রতিটি মন্ত্রণালয় ও বিভাগ সরকারের সার্বিক উন্নয়ন অগ্রাধিকার বিশেষত, প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২১ ও পঞ্চবার্ষিকী পরিকল্পনার সঙ্গে সামঞ্জস্য রেখে এবং কর্মবিভাগ ও মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর আলোকে স্ব-স্ব বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন করবে। গতকাল ২৩ ফেব্রুয়ারি সোমবার সচিবালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে মন্ত্রিপরিষদ সচিবের সঙ্গে ১০ মন্ত্রণালয় ও বিভাগের সচিবদের এ চুক্তি স্বাক্ষরিত হয়। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.৩), ডেইলি সান (শেষ পৃ.,ক.৩)।

৪। দেশের শিল্পবর্জ্য ব্যবস্থাপনায় সহায়তা দেবে জার্মানি

বাংলাদেশের শিল্প খাতে বর্জ্য ব্যবস্থাপনার উন্নয়নে জার্মানির অত্যাধুনিক প্রযুক্তি ও কারিগরি সহায়তা দেওয়ার ব্যাপারে আগ্রহ প্রকাশ করেছে জার্মানিভিত্তিক খ্যাতনামা প্রতিষ্ঠান ফিয়াল ইন্ডাস্ট্রিয়াল সল্যুশনস। পাশাপাশি সৌর ও বায়ুবিদ্যুৎ উৎপাদন, স্বয়ংক্রিয় বিমান ও নৌবন্দর ব্যবস্থাপনা, সড়ক অবকাঠামো উন্নয়ন ও ইস্পাতশিল্প খাতের আধুনিকায়নে সহায়তা করবে প্রতিষ্ঠানটি। ফিয়াল ইন্ড্রাস্ট্রিয়াল সল্যুশনসের চেয়ারম্যান অসীম ক্লিংবার্গের নেতৃত্বে বাংলাদেশ সফররত একটি প্রতিনিধিদল গতকাল ২৩ ফেব্রুয়ারি সোমবার শিল্পমন্ত্রী আমির হোসেন আমুর সঙ্গে বৈঠককালে এমন আগ্রহ প্রকাশ করে। সূত্র-প্রথম আলো (পৃ.১৩,ক.২), সংবাদ (পৃ.১৪,ক.২), ইনকিলাব (পৃ.১৮,ক.১), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৩), বাংলাদেশ টুডে (পৃ.১,ক.১)।

৫। সুন্দরবনে সীমানা পিলার লাগানো হচ্ছে : পরিবেশ ও বনমন্ত্রী

জীববৈচিত্র্য সংরক্ষণে সুন্দরবনের চারপাশে সীমানা পিলার ও বিধিনিষেধ আরোপ করে সাইনবোর্ড লাগানো হবে বলে জানিয়েছেন পরিবেশ ও বনমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু। জাতীয় সংসদে গতকাল ২৩ ফেব্রুয়ারি সোমবার প্রশ্নোত্তর পর্বে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-প্রথম আলো (পৃ.৩,ক.৩), ইত্তেফাক (শেষ পৃ.,ক.১)।

৬। মানবিক সূচকে বাংলাদেশের উন্নতি অনেক : অমর্ত্য সেন

অর্থনীতিতে নোবেল পুরস্কার বিজয়ী অমর্ত্য সেন বলেছেন, কল্যাণমূলক অর্থনৈতিক উন্নয়নের জন্য মানবিক প্রগতি (মানব সূচকের উন্নতি) প্রয়োজন। বাংলাদেশে অর্থনৈতিক প্রবৃদ্ধির সাথে সাথে মানবিক সূচকেরও উন্নতি হচ্ছে। মানবিক সূচকে বাংলাদেশের উন্নতি অনেক দেশের তুলনায় বেশি। গতকাল ২৩ ফেব্রুয়ারি সোমবার রাজধানীর খামারবাড়িতে কৃষিবিদ ইনস্টিটিউশনে 'অর্থনৈতিক প্রগতি ও মানবিক প্রগতি' শীর্ষক একক বক্তৃতা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), প্রথম আলো (পৃ.১,ক.৩), সংবাদ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৩), ডেইলি সান (পৃ.১,ক.৩)।

৭। রাজধানীর কাজীপাড়ায় নিহত তিন তরুণের দেহে ৫৪টি গুলি : পুলিশের দাবি গণপিটুনি

রাজধানীর মিরপুরের কাজীপাড়ায় গত ২২ ফেব্রুয়ারি রোববার রাতে তিন তরুণ নিহত হন। পুলিশ তাঁদের 'নাশকতাকারী' দাবি করলেও গতকাল ২৩ ফেব্রুয়ারি সোমবার পর্যন্ত তাদের পরিচয় নিশ্চিত করতে পারেনি। নিহত তিন তরুণের দেহে মোট গুলির চিহ্ন ৫৪টি। পুলিশের সুরতহাল প্রতিবেদনেই এত গুলির চিহ্নের কথা উল্লেখ করা হয়েছে। পিটুনির কোনো চিহ্ন নেই। এলাকাবাসীও বলছেন, গণপিটুনির ঘটনা ঘটেনি। অথচ পুলিশের দাবি, তাঁরা

গণপিটুনি ও গুলিতে নিহত হয়েছেন। সূত্র-প্রথম আলো, ইনকিলাব, নিউজ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৮। রাজধানীর অবকাঠামো উন্নয়নে ২৭৯ কোটি টাকা দিচ্ছে কুয়েত ফান্ড

রাজধানীর চার এলাকার অবকাঠামো উন্নয়নে কুয়েত ফান্ড ও বাংলাদেশ সরকারের মধ্যে ২৭৯ কোটি ৫১ লাখ টাকার একটি ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলনকক্ষে গতকাল ২৩ ফেব্রুয়ারি সোমবার এ চুক্তি স্বাক্ষর করা হয়। কুয়েত ফান্ড ফর আরব ইকোনমিক ডেভেলপমেন্টের উপ-মহাপরিচালক হামাদ আল-ওমর ও বাংলাদেশ সরকারের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সিনিয়র সচিব মোহাম্মদ মেজবাহ উদ্দিন চুক্তি স্বাক্ষর করেন। চুক্তির আওতাভুক্ত এলাকার মধ্যে রয়েছে-ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অধীনে মিরপুর, মোহাম্মদপু,র আগারগাঁও ও ভাষানটেক এলাকা। সূত্র-যায়যায়দিন (পৃ.৫,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.১), সমকাল (পৃ.১৯,ক.১), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৪)।

৯। ঝুঁকিপূর্ণ পয়েন্টে নাশকতা প্রতিরোধে সরকারের ১২ পদক্ষেপ

জ্বালানি তেল, সার, যাত্রী পরিবহন নির্বিঘ্নে পৌঁছে দিতে সরকার ১২টি পদক্ষেপ নিচ্ছে। জঙ্গি হামলা ও নাশকতা প্রতিরোধে নেওয়া হচ্ছে এসব পদক্ষেপ। এর জন্য প্রাথমিকভাবে সড়ক-মহাসড়ক ও রেলপথের ২ হাজার ৮৫টি পয়েন্টকে ঝুঁকিপূর্ণ হিসেবে শনাক্ত করা হয়েছে। এসব পয়েন্টে নিরাপত্তা জোরদার করা হবে। নাশকতা প্রতিরোধ ও আইনশৃঙ্খলা পরিস্থিতিবিষয়ক এক আন্ত:মন্ত্রণালয় বৈঠকের কার্যবিবরণী থেকে এ তথ্য পাওয়া গেছে। সূত্র-যুগান্তর (শেষ পৃ.,ক.২)।

১০। প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত কৃষকদের ঋণ আদায় স্থগিত করে নতুন ঋণ প্রদানের নির্দেশ

প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত কৃষকদের কৃষিঋণ আদায় স্থগিত করে নতুন ঋণ প্রদান করতে নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। একই সঙ্গে নিয়মিত ঋণ পরিশোধকারী কৃষককে পুরস্কার প্রদান ও তা প্রচারের ব্যবস্থা নিতেও বলা হয়েছে। অন্য কৃষককে ঋণ পরিশোধে উৎসাহিত করতে এমনটি করতে বলা হয়েছে। গতকাল ২৩ ফেব্রুয়ারি সোমবার বাংলাদেশ ব্যাংকের এক প্রজ্ঞাপনের মাধ্যমে এসব নির্দেশনা দেওয়া হয়। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৩), প্রথম আলো (পৃ.১৩,ক.৩), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৪)।

১১। চলতি অর্থবছরে বৈদেশিক অর্থছাড়ের পরিমাণ ও প্রতিশ্রুতি দুটোই বেড়েছে

চলতি অর্থবছরের সাত মাসে (জুলাই-জানুয়ারি) বৈদেশিক অর্থছাড় ও প্রতিশ্রুতি উভয়ই বেড়েছে। রাজনৈতিক অস্থিরতার কারণে গত কয়েক মাস প্রতিশ্রুতিতে ধস চললেও সে অবস্থা কাটিয়ে উঠতে সক্ষম হয়েছে সরকার। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সর্বশেষ হিসাব অনুযায়ী এসব তথ্য জানা গেছে। সূত্র-ভোরের কাগজ (পৃ.৯,ক.৩)।

১২। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল বার্ন ইউনিটে এখনও মৃত্যু যন্ত্রণালয় কাতরাচ্ছে ৪৬ জন

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটে মৃত্যুযন্ত্রণায় এখনও কাতরাচ্ছেন ৪৬ জন। পেট্রোলবোমার আগুনে ২৩ জনের শ্বাসনালি পুড়ে গেছে। চরম সংকটাপন্ন অবস্থায় আইসিইউতে ভর্তি রয়েছে ৬ জন। দিন যত যাচ্ছে মৃত্যুর সংখ্যা ততই বেড়েই চলেছে। রোববার পর্যন্ত বার্ন ইউনিটে ১১ জনের মৃত্যু হয়েছে। পেট্রোলবোমায় যাদের শরীরের ৪৫ শতাংশ থেকে ৯৫ শতাংশ পুড়ে গিয়েছিল। বর্তমানে ভর্তি ৪৬ জনের মধ্যে ৩১ জনের শরীরের ১৫ শতাংশ থেকে ৭২ শতাংশ পুড়ে গেছে। শংকামুক্ত নয় পেট্রোলবোমায় দগ্ধ এমন রোগী রয়েছে ২৩ জন। বার্ন ইউনিটের চিকিৎসকরা এমন তথ্য জানিয়েছেন। সূত্র-যুগান্তর (শেষ পৃ., ক.২)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, ইত্তেফাক, সংবাদ, যুগান্তর, যায়যায়দিন, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, নিউজ টুডে, নিউ এজ : কার্গো জাহাজের ধাক্কায় ২০০ জন যাত্রী নিয়ে এমভি মোস্তফা নামের লঞ্চ ডুবির ঘটনা দুঃখজনক উল্লেখ করে এর জন্য দায়িদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়ার দাবি;

খ. ইত্তেফাক : পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ঢাকা সফরের মধ্য দিয়ে বাংলাদেশ ও ভারতের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক অগ্রসর হওয়ার পথ প্রশস্ত হয়েছে বলে মত প্রকাশ;

গ. জনকণ্ঠ : দেশে চালু ৫৬ ব্যাংকের মধ্যে ৪৯ টিতে স্কুল ব্যাংকিং চালু করাকে ভালো উদ্যোগ মন্তব্য করে এতে করে সঞ্চয়ের অভ্যাস ছোট শিক্ষার্থীদের সুশৃঙ্খল জীবন গঠন ও আর্থিকভাবে স্বাবলম্বী হতে সহায়ক হবে এই প্রত্যাশা ব্যক্ত;

ঘ. সংবাদ, যুগান্তর, যায়যায়দিন, ডেইলি স্টার : চট্টগ্রামের বাঁশখালীর গভীর জঙ্গলে র‍্যাব জঙ্গি প্রশিক্ষণের আস্তানার সন্ধান পাওয়ায় এ ধরনের ঘটনা রোধে জঙ্গি অর্থায়নের অর্থ ও অস্ত্র সরবরাহের নেটওয়ার্ক ভাঙ্গার ওপর গুরুত্বারোপ;

ঙ. ইনকিলাব : সর্বাধুনিক প্রযুক্তির মাধ্যমে রাজধানীর ভিআইপি এলাকা, বিভাগীয় ও বড় জেলা শহর ছাড়াও রেডিও লিংকের মাধ্যমে অবৈধ ও ব্যবসা দেশের সীমান্ত এলাকায় ব্যাপকভাবে ছড়িয়ে পড়ায় উদ্বেগ প্রকাশ করে এ পরিস্থিতি থেকে উত্তরণে কঠোর ব্যবস্থা গ্রহণের বিকল্প নেই বলে মন্তব্য;

চ. ইন্ডিপেনডেন্ট : শহরের বাচ্চাদের শরীরের অস্বাভাবিক স্থূলতার প্রসঙ্গ তুলে ধরে এ ব্যাপারে অভিভাবকদের

বাচ্চাদের সঠিক পুষ্টির বিষয়ে সচেতন হওয়ার আহ্বান;

ছ. ডেইলি সান : দেশের সার্বিক স্বার্থ বিবেচনায় নিয়ে সরকারকে চলমান রাজনৈতিক সংকট সমাধানে অতি দ্রুত পদক্ষেপ নেওয়ার সুপারিশ;

জ. নিউজ টুডে : বিদেশে অবস্থানরত ৮০ লাখ প্রবাসী বাংলাদেশি দেশে রেমিট্যান্স পাঠানোসহ সমাজের অর্থনৈতিক বৈষম্য হ্রাসে ব্যাপক ভূমিকা রাখে বলে অভিমত;

ঝ. নিউ নেশন : চলমান অবরোধের প্রভাবে ব্যাংকে ডিপোজিট ভাঙানো বেড়ে যাওয়ায় ব্যাংকে নগদ অর্থ হ্রাস পাওয়ার উদ্বেগ প্রকাশ;

ঞ. ফিনানসিয়াল এক্সপ্রেস : নদীপথে অনাকাঙ্ক্ষিত নৌদুর্ঘটনা এড়াতে নদীগুলোর নাব্যতা বজায় রাখতে নদীতে ড্রেজিংসহ রিভার ট্রেনিংয়ের ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে জাতীয় ভাষা বাংলা জাতীয় জীবনে সুপ্রতিষ্ঠিত করা ছাড়া জাতীয় উন্নতি সম্ভব নয় বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত ‘জাতিকে এ বিভৎসতা থেকে মুক্তি দিন’ শিরোনামের নিবন্ধে বীরেন মুখার্জী দেশের চলমান নাশকতা বন্ধ করে বাংলাদেশের সাধারণ মানুষ একটি উদার গণতান্ত্রিক উন্নত দেশের স্বপ্ন দেখে যা নির্মাণে রাজনীতিবিদদেরই এগিয়ে আসতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা